# ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের সংক্ষিপ্ত নিয়ম (مختصر صفة صلاة الرسول ﷺ)

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

(৮) সালাম

(৮) সালাম : দো'আয়ে মাছূরাহ শেষে প্রথমে ডাইনে ও পরে বামে 'আসসালামু আলায়কুম ওয়া রাহমাতুল্লাহ' (আল্লাহর পক্ষ হ'তে আপনার উপর শান্তি ও অনুগ্রহ বর্ষিত হৌক!) বলে সালাম ফিরাবে। প্রথম সালামের শেষে 'ওয়া বারাকা-তুহু' (এবং তাঁর বরকত সমূহ) যোগ করা যেতে পারে। এভাবে ছালাত সমাপ্ত করে প্রথমে সরবে একবার 'আল্লা-হু আকবর' (আল্লাহ সবার বড়) ও তিনবার 'আস্তাগফিরুল্লা-হ' (আমি আল্লাহর নিকটে ক্ষমা প্রার্থনা করছি) বলে নিম্নের দো'আসমূহ এবং অন্যান্য দো'আ পাঠ করবে। এ সময় ইমাম হ'লে ডাইনে অথবা বামে ঘুরে সরাসরি মুক্তাদীগণের দিকে ফিরে বসবে। অতঃপর সকলে নিম্নের দো'আ সহ অন্যান্য দো'আ পাঠ করবে।-

اَللَّهُمَّ أَنْتَ السَّلاَمُ، وَمِنْكَ السَّلاَمُ، تَبَارَكْتَ يَا ذَا الْجَلاَلِ وَالْإِكْرَامِ

উচ্চারণ : আল্লা-হুম্মা আন্তাস সালা-মু ওয়া মিনকাস্ সালা-মু, তাবা-রকতা ইয়া যাল জালা-লি ওয়াল ইকরা-ম ।

অনুবাদ : 'হে আল্লাহ আপনিই শান্তি, আপনার থেকেই আসে শান্তি। বরকতময় আপনি, হে মর্যাদা ও সম্মানের মালিক'। এটুকু পড়েই উঠে যেতে পারেন। [7] পরবর্তী দো'আ সমূহ 'ছালাত পরবর্তী যিকর সমূহ' অধ্যায়ে দ্রষ্টব্য।

## ফুটনোট

[7] . মুসলিম, মিশকাত হা/৯৬০, 'ছালাতের পরে যিকর' অনুচ্ছেদ-১৮। 'সালাম ফিরানোর পরে দো'আ সমূহ' সংশ্লিষ্ট অধ্যায়ে দ্রষ্টব্য।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9152

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন